

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়  
ফরিদপুর, পাবনা

বিষয়ঃ ইনোভেশন আইডিয়া/ প্রকল্পের তথ্য প্রেরণ

দপ্তর/সংস্থার নামঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, ফরিদপুর, পাবনা

জেলাঃ পাবনা

বিভাগঃ রাজশাহী

ক্র. নং	উদ্ভাবনের নাম	উদ্ভাবনের সংক্ষিপ্ত বিবরণ	উদ্ভাবকের নাম ও ঠিকানা	অগ্রগতি	প্রত্যাশিত ফলাফল
১	২	৩	৪	৫	৬
১	রূপান্তর ও আধুনিকায়নের ফলে তৈরিকৃত বদ্ধ যানবাহনের মাধ্যমে জীবন্ত মাছ পরিবহন	<p><b>সমস্যাঃ</b> সাধারণতঃ দেখা যায়, উত্তরবঙ্গের মাছ চাষে প্রসিদ্ধ জেলাসমূহ তথা রাজশাহী, বগুড়া, নওগাঁ, নাটোর জেলায় ব্যাপকভাবে কার্প ফ্যাটেনিং বা বড় আকারের কার্প জাতীয় মাছ চাষ করা হয় এবং এর বৃহদাংশ ঢাকা, চট্টগ্রামসহ সারা দেশে জীবন্ত পরিবহন করা হয়। জীবন্ত মাছ পরিবহন মূলত খোলা ট্রাকে পানি ভর্তি করে তার সাথে একটি ডিজেল চালিত শ্যালো মেশিন যুক্ত করে মাছ পরিবহন করা হয়। এক্ষেত্রে মাছ পরিবহনের সময় সারা রাস্তায় ট্রাক থেকে পানি পড়ে। এতে রাস্তার যেমন ক্ষতি হয়, তেমনি পরিবেশও নোংরা হয়। তাছাড়া যেহেতু বাংলাদেশ গ্রীষ্মপ্রধান দেশ, সেহেতু সনাতন পদ্ধতিতে খোলা ট্রাকে মাছ পরিবহনের ফলে প্রচন্ড গরমে পানি দ্রুত দূষিত হয়ে পড়ে এবং পরিবহনকৃত মাছের গুণাগুণও দ্রুত নষ্ট হতে থাকে। ফলে পরিবহনের সময় অনেক মাছ মারা যায় এবং যেসব মাছ জীবিত থাকে সেগুলোরও গুণাগুণ নষ্ট হয়ে যায়। এর ফলে একদিকে মাছচাষী বা মাছ ব্যবসায়ী যেমন ক্ষতিগ্রস্ত হয়, তেমনি ভোক্তাও ভালো পুষ্টিগুণ সমৃদ্ধ মাছ থেকে বঞ্চিত হয়।</p> <p><b>সমাধানঃ</b> প্রচলিত খোলা ট্রাকে রূপান্তর ও আধুনিকায়নের মাধ্যমে একটি বদ্ধ কন্টেইনারে পরিণত করে যেভাবে দুধ পরিবহন করা হয় তেমন পরিবহন ব্যবস্থায় মাছের জন্য প্রয়োজনীয় অক্সিজেন সরবরাহ, সঠিক তাপমাত্রা নিয়ন্ত্রণ ও উচ্চতর বিষাক্ত গ্যাসসমূহ দূরীকরণ ব্যবস্থা গ্রহণের মাধ্যমে নিরাপদে জীবন্ত মাছ দেশের সর্বত্র পরিবহন করা সম্ভব।</p>	সুজিত কুমার মুন্সী, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, ফরিদপুর, পাবনা	পরিকল্পনা প্রণয়ন	মাছচাষী বা মাছ ব্যবসায়ীগণ সহজে ও নিরাপদে বর্তমানের একই আয়তনের যানবাহনে বেশি পরিমাণ মাছ জীবন্ত পরিবহন করতে পারবেন এবং ভোক্তাগণ সঠিক পুষ্টিগুণ সমৃদ্ধ মাছ ভোগ করতে পারবেন। যা দেশের সামগ্রিক অর্থনীতি ও জনস্বাস্থ্যের প্রভূত উন্নতি সাধন করবে।

(সুজিত কুমার মুন্সী)  
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা  
ফরিদপুর, পাবনা